

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.২৬.০০৭.২০২৩-৫১৩

তারিখ: ৬ ভাদ্র ১৪৩০  
২১ আগস্ট ২০২৩


বিষয়: পুরাতন মোটরযান প্রতিস্থাপন করে নতুন মোটরযান ক্রয়ের অনুমতি প্রসঙ্গে।

সূত্র: খুলনা সিটি কর্পোরেশনের স্মারক নং-৪৬.১৩.০০০০.০০৮.১৪.০২৪.২৩-২৪৪৭, তারিখ: ০৮/০৮/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা সিটি কর্পোরেশনের “জলবায়ু পরিবর্তনের ক্ষতি মোকাবেলায় খুলনা শহরের উন্নয়ন-ফেজ-২” শীর্ষক প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপিতে ৪১১২১০১ নং কোডে যানবাহন ক্রয় খাতে ২.১০ কোটি টাকা হতে ১০ (দশ) বছরের পুরানো মোটরযান প্রতিস্থাপনপূর্বক নতুন মোটরযান ক্রয়ের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের পূর্বানুমোদনের জন্য অর্থ বিভাগে প্রেরণের সুবিধার্থে নিম্নোক্ত তথ্যাবলী জানা প্রয়োজন:

- পুরাতন গাড়ীগুলি কনডেম ঘোষণা করা হয়েছে কিনা;
- অর্থায়নের উৎস কী ছিল, প্রতিস্থাপন কীভাবে করা হবে তা সুস্পষ্ট হওয়া প্রয়োজন।

এমতাবস্থায়, খুলনা সিটি কর্পোরেশনের বর্ণিত প্রকল্পের আওতায় ১০ (দশ) বছরের পুরানো মোটরযান প্রতিস্থাপনপূর্বক নতুন মোটরযান ক্রয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের সম্মতির জন্য উল্লিখিত বিষয়ে সুস্পষ্ট জবাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২১/৮/২০২৩

মাহবুবা আইরিন  
উপসচিব

ফোন: ৫৫১০০৪০৯

ই-মেইল: [lgcc2@lgd.gov.bd](mailto:lgcc2@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
খুলনা সিটি কর্পোরেশন।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে:

- যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।